# 20660 - যে ব্যক্তি তালাক্ব দেয়ার নিয়ত করেছে; কিন্তু মুখে উচ্চারণ করেনি তার তালাক্ব কি পতিত হবে?

## প্রশ্ন

যদি কোন লোক ঘোষণা করে যে, সে অপর এক লোকের সৌজন্যে তার স্ত্রীকে তালাক্ব দিবে, এতে করে কি তালাক্ব পতিত হবে? সে ব্যক্তি তালাক্ব উচ্চারণ করেনি। কিন্তু বলেছে যে, অচিরেই সে তালাক্ব দিবে। তালাক্ব দেয়ার নিয়ত সে করেছে; কিন্তু তালাক্ব দেয়নি। এমতাবস্থায় বৈবাহিক সম্পর্ক কি অটুট আছে?

## প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

এই তালাক্ব পতিত হবে না; যেহেতু স্বামী তালাক্ব উচ্চারণ করেনি। কেননা শুধু নিয়ত তালাক্ব কার্যকর জন্য যথেষ্ট নয়।

এটি অধিকাংশ আলেমের অভিমত; যেমনটি ইবনে হাজার তাঁর রচিত ‘ফাতহুল বারী’-(৯/৩৯৪)-তে উদ্ধৃত করেছে এবং ইবনুল কুদামা তাঁর রচিত ‘আল-মুগনী” (৭/১২১)-তে সর্বস্তরের আলেমদের থেকে উদ্ধৃত করেছেন। এর সপক্ষে তারা ইমাম বুখারী (২৫২৮) ও ইমাম মুসলিম (৩২৭) কর্তৃক সংকলিত আবু হুরায়রা (রাঃ) এর হাদিস দিয়ে দলিল দেন। তিনি বলেন, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “নিশ্চয় আল্লাহ্ আমার উম্মত মনে মনে যা বলে সেটার জন্য পাকড়াও করবেন না; যতক্ষণ পর্যন্ত না তারা কর্মে পরিণত করে কিংবা কথা বলে।” হাদিসটির বর্ণনাকারী কাতাদা বলেন: “মনে মনে তালাক্ব দিলে সেটি কিছুই না”।

শাইখ বিন বায (রহঃ) বলেন: “শুধু নিয়তের মাধ্যমে তালাক্ব পতিত হয় না। বরঞ্চ শব্দ উচ্চারণ বা লেখার মাধ্যমে পতিত হয়। তিনি এর সপক্ষে পূর্বোক্ত হাদিস দিয়ে দলিল দিয়েছেন।[ফাতাওয়া ইসলামিয়্যা (৩/২৭৯)]

আল্লাহ্ই সর্বজ্ঞ।